

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-তম/চলচ্চিত্র/সেবো-১১/২০১১/৭১৭

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৩
১৭ নভেম্বর ২০১৬

প্রজ্ঞাপন


জনাব মোঃ মামুনুর ইসলাম, প্রযোজক, মেসার্স আন্মাজান ফিল্ম সমবায় নিকেতন, ৩৯, বি, বি এভিনিউ (৩য় তল), ঢাকা কর্তৃক নির্মিত 'প্রেমিক ছেলে' নামক চলচ্চিত্রটি The Censorship of Films Act, 1963 (Amendment,2006) এর 4B(1) ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় তা নাকচ করা হলো।

০২। আপিল আবেদন নাকচ হওয়ার কারণে উক্ত চলচ্চিত্রটি একটি সনদপত্রহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হবে এবং সমগ্র বাংলাদেশে উক্ত চলচ্চিত্রের প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

০৩। এ চলচ্চিত্র কোথাও প্রদর্শিত হলে চলচ্চিত্রটি বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(জি.এন. নজমুল হোসেন খান)
উপসচিব
ফোন-৯৫৪০৪৬৩
E-mail : sas.film@moi.gov.bd

নং-তম/চলচ্চিত্র/সেবো-১১/২০১১/৭১৭(৫)

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৩
১৭ নভেম্বর ২০১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
- ২। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জনাব মোঃ মামুনুর ইসলাম, প্রযোজক, মেসার্স আন্মাজান ফিল্ম সমবায় নিকেতন, ৩৯, বি, বি এভিনিউ (৩য় তল), ঢাকা।


(জি.এন. নজমুল হোসেন খান)
উপসচিব